



৫।



P



Q



R



S

ক) প্রজনন কী?

খ) আপেলকে অপ্রকৃত ফল বলা হয় কেন?

গ) চিত্র P, Q, R ও S ব্যবহার করে একটি চিত্র ঐকে বিভিন্ন অংশ চিহ্নিত কর।

ঘ) উদ্ভিদের বংশরক্ষায় R ও S এর গুরুত্ব বিশ্লেষণ করো।

৬। মানবদেহের একটি মরণব্যাদি যা শ্বেতকণিকাকে ধ্বংস করে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে। এই রোগের ভাইরাস মানবদেহে অনেক দিন সুপ্ত অবস্থায় থাকতে পারে যার ঔষধ এখনও আবিষ্কার হয়নি।

ক) নিষেক কী?

খ) হরমোনকে রাসায়নিক দূত বলা হয় কেন?


গ) মানুষ কীভাবে এই রোগে আক্রান্ত হতে পারে ব্যাখ্যা কর।

ঘ) এই রোগটির ক্ষেত্রে প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম। উদ্ভিটির যথার্থতা মূল্যায়ন কর।

৭।



M



N

ক) বংশগতি কী?

খ) জিন বলতে কী বুঝায়?

গ) N এর গঠন চিত্রসহ ব্যাখ্যা কর।

ঘ) মানব সন্তানের লিঙ্গ নির্ধারনে M এর ভূমিকা বিশ্লেষণ কর।

৮। রহিম কোনো রং সঠিকভাবে চিনতে পারে না। তার বোন রাবেয়া লোহিত কণিকার এক অস্বাভাবিক অবস্থাজনিত রোগে ভুগছে যা তার বাবা-মা এর কাছ থেকে বংশানুক্রমে এসেছে।

ক) RNA কী?

খ) প্রাকৃতিক নির্বাচন কীভাবে প্রজাতি নিয়ন্ত্রণ করে?

গ) রহিমের রোগটির কারণসমূহ ব্যাখ্যা কর।

ঘ) রাবেয়ার রোগটি কীভাবে তার বাবা-মা এর কাছ থেকে এসেছে বিশ্লেষণ কর।